



পিজিডি-ইন-আইসিটি প্রোগ্রাম

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২

টেলিফোনঃ (০৯১) ৬৭৪১৪

ফ্যাক্সঃ +৮৮০-৯১-৬১৫১০

মোবাইলঃ ০১৯১১২৯৮৮৮৬, ০১৬৭৫৩০৯২০৯

e-mail: pgd@bau.edu.bd

mustagis@gmail.com

Website: <http://pgd.bau.edu.bd/>

১৯তম ব্যাচে ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

কম্পিউটার বিজ্ঞান বিষয়ে দক্ষ প্রোগ্রামার/প্রশিক্ষক তৈরীর লক্ষ্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত এক বছর মেয়াদী Postgraduate Diploma in Information and Communication Technology (PGD-in-ICT) Program -এ ২০২৩-২০২৪ সেশনে ভর্তিচ্ছুকদের কাছ থেকে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।

PGD-in-ICT Program করার সুবিধা :

নন-আইটি প্র্যাজুয়েটবৃন্দের জন্য আইটি ফিল্ডে প্রবেশের সুবর্ণ সুযোগ। সফলভাবে PGD-in-ICT সম্পন্নের পর IT ফিল্ডে ফ্রিল্যান্সিং এবং চাকুরির সুযোগ রয়েছে। এছাড়া বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়সহ অন্য প্রতিষ্ঠান থেকে IT বা ICT বিষয়ে মাস্টার্স এবং PhD করার সুযোগ রয়েছে।

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- বাংলাদেশের যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ব্যাচেলর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী বা সিজিপিএ ২.৫০ থাকতে হবে।
স্নাতক ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করেছেন কিন্তু রেজাল্ট হয়নি এমন প্রার্থী আবেদন করতে পারবেন। তবে পিজিডির প্রথম টার্ম ফাইনাল পরীক্ষার আগে স্নাতক পাশের সার্টিফিকেট/ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- বয়স: সর্বোচ্চ ৪৫ বছর।
- PGD-in-ICT Program পরিচালনা কমিটি দ্বারা অনুমোদিত রুটিন অনুযায়ী সকাল ১০:০০ হতে সন্ধ্যা ৬:০০ পর্যন্ত (২ ঘণ্টার বিরতিসহ) **সপ্তাহে ২ দিন (শুক্রবার ও শনিবার)** ক্লাশ অনুষ্ঠিত হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক কোন রকম আবাসন এবং পরিবহন সুবিধা প্রদান করা হবে না।
- ভর্তির সময় **এককালীন কোর্স ফি (১৫,০০০.০০), টার্ম-১ রেজিস্ট্রেশন ফি ও পরীক্ষার ফি (৫,০০০.০০) এবং বিবিধ ফি (২,০০০.০০) বাবদ সর্বমোট ২২,০০০.০০ (বাইশ হাজার) টাকা প্রদান করতে হবে। তবে, বাকুবির বর্তমান এম.এস. শিক্ষার্থীদের জন্য এককালীন ১৭,০০০/- (সতের হাজার) টাকা প্রদান করতে হবে। এছাড়া দ্বিতীয় ও তৃতীয় টার্মে রেজিস্ট্রেশন ফি ও পরীক্ষা ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) করে প্রদান করতে হবে।**
- এই প্রোগ্রামে পাবলিক সেক্টরের কর্মকর্তা/কর্মচারীরা স্ব স্ব নিয়োগকারীর নিকট হতে লিখিত অনুমোদন সাপেক্ষে ভর্তি হতে পারবেন।
- আসন সংখ্যা: ৫৫ (টাকা প্রাপ্তি সাপেক্ষে প্রথম ৫৫ জনকে নেয়া হবে)
- আবেদনের সময় প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি এবং মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পরীক্ষার মার্কশীট ও সার্টিফিকেট স্ক্যান করে অনলাইনে আপলোড করতে হবে।
- ক্লাশ শুরুর তারিখ: ০৭ জুলাই ২০২৩ইং, শুক্রবার, সকাল ১০.০০।
- উপরোল্লিখিত যে কোন বিষয়ের পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা পিজিডি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আবেদনের নিয়মাবলী :

পিজিডি-ইন-আইসিটির ওয়েব সাইট হতে (<http://pgd.bau.edu.bd/>) আবেদন ফরম পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড করতে হবে। পিজিডি কর্তৃপক্ষ অনলাইনে প্রদত্ত প্রার্থীর তথ্যাবলী যাচাই-বাছাই করে Approve করার পর প্রার্থী পেমেণ্ট করতে পারবেন। ডাচ-বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং (রকেট)-এর মাধ্যমে (বিলার আইডি-৩৪৪) ফি বাবদ মোট ২২,০০০.০০ (বাইশ হাজার) ও বাকুবির বর্তমান এম.এস. শিক্ষার্থীদের জন্য ১৭,০০০/- (সতের হাজার) টাকা প্রদান করত: টিএক্সএন আইডি (TxnID) সংগ্রহ করতে হবে। সংগৃহীত টিএক্সএন আইডি (TxnID) উপরোল্লিখিত ওয়েব সাইটে লগ-ইন করে প্রদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তবে ৫৫টি আসন পূরণ হয়ে গেলে আর কোনো ভর্তি নেয়া হবে না।

আবেদন ও ফি প্রদানের শেষ সময়: জুন ০৮, ২০২৩।

(প্রফেসর মুহাম্মদ মোস্তাগিজ বিল্লাহ)

পরিচালক, পিজিডি-ইন-আইসিটি প্রোগ্রাম ও

প্রফেসর, সি.এস.এম. বিভাগ, বাকুবি, ময়মনসিংহ-২২০২।

যোগাযোগ : (অফিস)

01911298886, (091) 67401-6/Ext. 6870, 68550; ই-মেইল : pgd@bau.edu.bd